৪৩. হ্যারল্ড পিন্টার মূলত সাহিত্যের কোন শাখায় অবদানের জন্য নোবেল পুরস্কার পেয়েছেন?

ক. উপন্যাস খ. নাটক
গ. কবিতা ঘ. প্রবন্ধ

ব্যাখ্যা: • হ্যারল্ড পিটার মূলত একজন নাট্যকার ছিলেন।
• ইংল্যান্ডের এই নাগরিক ২০০৫ সালে নোবেল (সাহিত্যে) পুরস্কার লাভ করেন।
• ২০০৮ সালের ২৪ ডিসেম্বর তিনি মারা যান।
সঠিক উত্তর : খ.

৪৪. একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে ১১,০০০ রান সংগ্রহকারী দ্বিতীয় ব্যক্তি?

ক. ইনজামামুল হক খ. শচীন টেন্ডুলকার
গ. ব্রায়ান লারা ঘ. এ্যালান বোর্ডার

সঠিক উত্তর : ক.

৪৫. ২০০৫ ফিফার বর্ষসেরা ফুটবলার-

ক. জিদান খ. বেকহাম
ঘ. রোনাল্ডো ঘ. রোনালডিনহো

ব্যাখ্যা: ২০১৫ সালে ফিফার "ব্যালন ডি, অর অ্যাওয়ার্ড" বিজয়ী - লিওনেল মেসি
সঠিক উত্তর : ঘ.

৪৬. ২০১২ সনে অলিম্পিক খেলা হবে-

ক. প্যারিসে খ. লন্ডনে
গ. রোমে ঘ. বেইজিংয়ে

ব্যাখ্যা: • পরবর্তী ৩১ তম অলিম্পিক গেমস - ২০১৬ অনুষ্ঠিত হবে - রিওডি জেনেরিও ব্রাজিল
• ২০২০ সালে ৩২ তম অলিম্পিক গেমস অনুষ্ঠিত হবে - টোকিও, জাপান।
সঠিক উত্তর : খ.

৪৭. লন্ডনে বিবিসি'র প্রধান কার্যালয়ের নাম-

ক. বুশ হাউজ খ. হোয়াইট হল
গ. ভিক্টোরিয়া প্যালেস ঘ. বাকিংহাম প্যালেস

ব্যাখ্যা: BBC - British Brodcasting Corporation
• প্রধান কার্যালয় - ব্রডকাস্টিং হাউস, লন্ডন।
সঠিক উত্তর : নেই.

৪৮. বাংলাদেশ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন পাশ হয়-

ক. ১৯৯২ সালে খ. ১৯৯১ সালে
গ. ১৯৯০ সালে ঘ. ১৯৮৯ সালে

ব্যাখ্যা: • বাংলাদেশে প্রাথমিক শিক্ষা (বাধ্যতাকরণ) আইন পাশ হয় - ১৯৯০ সালে।
• দেশব্যাপী বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয় - ১ জানুয়ারি ১৯৯৩
• প্রাথমিক শিক্ষা আইন জারি হয় - ১৯৭৪ সালে
সঠিক উত্তর : গ.

৪৯. অর্থনীতিকে সর্বপ্রথম ব্যষ্টিক ও সামষ্টিক দুই ভাগে ভাগ করেছেন-

ক. এ্যাডাম স্মিথ খ. জন ডালটন
গ. রাগনার ফ্রেশ ঘ. জন মেনার্ড কিন্স

ব্যাখ্যা: রাগনার ফ্রিশ সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য-
• জন্ম : ৩ মার্চ ১৮৯৫ নরওয়ে, মৃত্যু : ৩১ জানুয়ারি - ১৯৭৩
• তিনি একজন অর্থনীতিবিদ
• বিখ্যাত তত্ত্ব : Econometrics Production Theory
সঠিক উত্তর : গ.

৫০. ১২ মাসে ১ বৎসর, ৩০ দিনে ১মাস, এই গণনারীতি কাদের দ্বারা সূচিত?

ক. গ্রিক খ. মিশরীয়
গ. খ্রিস্টান ঘ. ফরাসি

ব্যাখ্যা: • মিশরীয় সভ্যতা গড়ে ওঠেছিল - নীল নদের তীরে
• নগর সভ্যতার সূচনা ঘটে - মিশরে
• "মিশর নীল নদের দান" - উক্তিটি করেছেন ইতিহাসের জনক হেরোডোটাস।
• মিশরীয়দের আবিষ্কার ও অবদান : প্যাপিরাস নামক কাগজ, সৌর পঞ্জিকা, দিন-মাস-বছর (৩৬৫ দিনে) গণনার ধারণা, সূর্য ঘড়ি, ছায়াঘড়ি, জলঘড়ি, জ্যামিতি ও পাটিগণিতের প্রচলন ইত্যাদি।
সঠিক উত্তর : খ.

## ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)
শিক্ষাবর্ষ ঃ ২০০৪-২০০৫

### বাংলা

০১. 'বাজারে প্রচুর তাজা ইলিশ পাওয়া যাচ্ছে।' -এখানে 'তাজা' কোন পদ?

ক. গুণবাচক বিশেষণ খ. রূপবাচক বিশেষণ
গ. অবস্থাবাচক বিশেষণ ঘ. অব্যয়ের বিশেষণ

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু নাম বিশেষণের উদাহরণ-
গুণবাচক - চৌকস লোক, দক্ষ কারিগর
রূপবাচক - সবুজ মাঠ, কাল মেঘ
অবস্থাবাচক - তাজা মাছ, রোগা ছেলে
সংখ্যাবাচক - হাজার লোক, শ টাকা
উপাদানবাচক - বেলে মাটি, পাথুরে মূর্তি
প্রশ্নবাচক - কত দূর পথ? কেমন অবস্থা?
সঠিক উত্তর : গ.

০২. 'বীচি' শব্দের সমার্থক শব্দ

ক. অঙ্কুর খ. তরঙ্গ গ. নদী ঘ. আঁটি

ব্যাখ্যা: ঢেউ - তরঙ্গ, উর্মি, বীচি, মহোর্মি, কল্লোল, তরঙ্গমালা।
সঠিক উত্তর : খ.

০৩. 'টেকসই' শব্দের 'সই' কোন ধরনের প্রত্যয়?

ক. বাংলা কৃৎপ্রত্যয় খ. সংস্কৃত কৃৎপ্রত্যয়
গ. সংস্কৃত তদ্ধিত প্রত্যয় ঘ. বিদেশি তদ্ধিত প্রত্যয়

ব্যাখ্যা: বিদেশী তদ্ধিত প্রত্যয় 'সই' যোগে
গঠিত শব্দ - জুতসই, মানানসই, চলনসই, টেকসই।
কিন্তু, টিপসই ও নামসই শব্দ দুটি 'সই' প্রত্যয় যোগে গঠিত নয়।
সঠিক উত্তর : ঘ.

০৪. 'যদি তারে নাই চিনি গো, সে কি আমায় নেবে চিনে।' - কোন ধরনের বাক্য?

ক. সরল খ. জটিল গ. যৌগিক ঘ. খন্ড

ব্যাখ্যা: বাক্যটিকে এভাবে ও প্রকাশ করা যায় -
'যদি তারে নাই চিনি গো, তবে সে কি আমায় নেবে চিনে।'
যদি ............ তবে বাক্যের মধ্যে থাকলে এটি জটিল বা মিশ্র বাক্যের উদাহরণ। বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর (১৭) নং দেখ।
সঠিক উত্তর : খ.

০৫. 'তুবড়ি' কী?

ক. তালি খ. আতশবাজি
গ. একপ্রকার বাদ্যযন্ত্র ঘ. অনর্গল কথা

ব্যাখ্যা: তুবড়ি - অনেক ওপরে পর্যন্ত আগুনের ফুলকির ফোয়ারা ওঠে এমন এক ধরনের বাজি। বিস্তারিত : ঢাবি (২০০৫-২০০৬) এর (১১) নং দেখ।
সঠিক উত্তর : খ.

০৬. 'তাহারা সুকুমারী গোলাপ-লতিকায় কাঁঠাল ফলাইতে চাহেন।'- বাক্যটি কোন রচনার?

ক. বিলাসী খ. অর্ধাঙ্গী
গ. হৈমন্তী ঘ. একটি তুলসী গাছের কাহিনী

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

০৭. 'এই দরিদ্র-পীড়িত ও ব্যাধিগ্রস্থ বালকটি তাহার দুরাবস্থার কথা সাশ্রুনয়নে সবিস্তৃত বর্ণনা করল।' -চলিত ভাষার এই বাক্যে ভুলের সংখ্যা-

ক. পাঁচটি খ. ছয়টি
গ. চারটি ঘ. সাতটি

ব্যাখ্যা: শুদ্ধরূপ - দারিদ্র্য, ব্যাধিগ্রস্ত, তার, দুরবস্থার, সবিস্তার।
সঠিক উত্তর : ক.

০৮. 'যত গর্জে তত বর্ষে না।'- বাক্যে 'যত-তত' অব্যয়ের ব্যবহার কোন অর্থে?

ক. তুলনা খ. পরিণাম
গ. কার্যকারণ ঘ. বৈপরীত্য

সঠিক উত্তর : ক.

০৯. 'মকমক' হল
ক. মেঘের ধ্বনি খ. মখমল গ. মিষ্টি ফল ঘ. ব্যাঙের ডাক

ব্যাখ্যাঃ রাজহাঁসের ডাক - ক্রেঙ্কার;
কুকুরের ডাক - বুক্কন সমুদ্রের ঢেউয়ের শব্দ - কল্লোল
ব্যাঙের ডাক - মকমক অলঙ্কারের শব্দ - শিঞ্জন
সিংহের ডাক - হুঙ্কার গম্ভীর ধ্বনি - মন্দ্র
ভ্রমরের শব্দ - গুঞ্জন বাঘের ডাক - গর্জন
ঝনঝন শব্দ - ঝনৎকার
সঠিক উত্তর : ঘ.

১০. পরিভাষারূপে 'Secondary' শব্দের যথাযথ বাংলা রূপান্তর-
ক. গৌণ খ. মাধ্যমিক গ. দ্বৈতয়িক ঘ. দ্বিতীয়

ব্যাখ্যাঃ
Notary Public - লেখ্য প্রমাণক Ordinance - অধ্যাদেশ
Nebula - নীহারিকা Opera House - গীতি নাট্যমঞ্চ
Nomenclature - নামকরণ Overtime - অধিকাল
Notification - প্রজ্ঞাপন Orion - কালপুরুষ
Observatory - মানমন্দির Secondary - মাধ্যমিক
সঠিক উত্তর : খ.

১১. 'কী সুখে এ কথা বলব?' -- 'সুখে' কোন কারক?
ক. কর্মকারক খ. অপাদান গ. অধিকরণ ঘ. করণ

ব্যাখ্যাঃ সাধারণত কোন কিছুর থেকে গৃহীত, উৎপন্ন, ভীত, চলিত, পতিত, বোঝাতে অপাদান কারক ব্যবহৃত হয়। ক্রিয়াকে 'কিসের থেকে' দ্বারা প্রশ্ন করলে উত্তর পাওয়া গেলে অপাদান কারক পাওয়া যায়।
বিস্তারিত : ঢাবি (২০০৯-২০১০) এর (২১) নং দেখ।
সঠিক উত্তর : খ.

১২. 'তেজস্বী' শব্দের সন্ধিবিচ্ছেদ করলে পাওয়া যায়-
ক. তেজঃ+বিন খ. তেজঃ+বী
গ. তেজস+বিন ঘ. তেজস+বী

ব্যাখ্যাঃ সংস্কৃত তদ্ধিত প্রত্যয় যোগে 'তেজস্বী' শব্দটি গঠিত।
তেজঃ + বিন্ = তেজস্বী; অনুরূপভাবে - মেধা + বিন্ = মেধাবী;
মায়া + বিন্ = মায়াবী
সঠিক উত্তর : ক.

১৩. 'কী'- বিশেষণ হিসেবে ব্যবহৃত হয়েছে কোন বাক্যে?
ক. এই যে আসুন, তারপর কী খবর?
খ. খবর কী, কেমন আছেন?
গ. নিজেই চমকে উঠি, কী নিস্পৃহ, কেমন শীতল
ঘ. কী সহজে বলা হয়ে গেল

ব্যাখ্যাঃ বিশেষণরূপে - এখানে কী মন্দটা তুমি দেখলে?
অনুরূপভাবে - নিজেই চমকে উঠি, কী নিস্পৃহ, কেমন শীতল।
সর্বনামরূপে - তামার কী নাম
অব্যয়রূপে - কী বিপদ, লোকটা যে পিছু ছাড়ে না।
সঠিক উত্তর : গ.

১৪. 'প্রিয়ংবদা যথার্থ কহিয়াছে।'- বাক্যটির নেতিবাচক রূপ
ক. প্রিয়ংবদা যথার্থ কহে নাই খ. প্রিয়ংবদা অযথার্থ কহিয়াছে
গ. প্রিয়ংবদা যথার্থ কহিয়াছে না ঘ. প্রিয়ংবদা অযথার্থ কহে নাই

ব্যাখ্যাঃ বাক্যের মৌলিক অর্থ পরিবর্তন না করে বাক্য পরিবর্তন করা যায়।
অস্তিবাচক - তাকে আমি ভুলে গেছি।
নেতিবাচক - তাকে আমি মনে করতে পারছি না।
অনুরূপভাবে - অস্তিবাচক - প্রিয়ংবদা যথার্থ কহিয়াছে।
নেতিবাচক - প্রিয়ংবদা অযথার্থ কহে নাই।
সঠিক উত্তর : ঘ.

১৫. 'ক্ষুধার্ত কালেভদ্রে অপরের খাওয়া দেখেও নাকি শান্তি পায়।' -- বাক্যটির লেখক
ক. শওকত ওসমান খ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ. কাজী নজরুল ইসলাম ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর

ব্যাখ্যাঃ বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ক.

১৬. কোন যতিচিহ্নটির বিরতিকাল নেই?
ক. জিজ্ঞাসা চিহ্ন খ. বিস্ময় চিহ্ন
গ. ইলেক চিহ্ন ঘ. উদ্ধরণ চিহ্ন

ব্যাখ্যাঃ থামার প্রয়োজন নেই যে সব বিরাম চিহ্নে -
হাইফেন (-) ; ইলেক বা লোপ চিহ্ন (') ;
ব্রাকেট বা বন্ধনী - চিহ্ন ( ), { }, [ ]
সঠিক উত্তর : গ.

১৭. 'বাগবিতণ্ডা' কোন সমাসসাধিত শব্দ?
ক. কর্মধারয় খ. দ্বন্দ্ব গ. তৎপুরুষ ঘ. অব্যয়ীভাব

ব্যাখ্যাঃ পরপদের অর্থের প্রাধান্য থাকে এবং পূর্বপদ থেকে বিভক্তি চিহ্ন লোপ পেয়ে তৎপুরুষ সমাস হয়।
বাগবিতণ্ডা - বাক্ দ্বারা বিতণ্ডা - তৃতীয়া তৎপুরুষ সমাস।
বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর (০১) নং দেখ।
সঠিক উত্তর : গ.

১৮. 'সহস্রের অবসান, হুঙ্কারক বারুদে বন্দুকে' - এটি কোন কবিতা চরণ?
ক. একটি ফটোগ্রাফ খ. জীবন - বন্দনা গ. বাংলাদেশ ঘ. ধন্যবাদ

ব্যাখ্যাঃ বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

১৯. ভুল বিপরীত শব্দযুগল
ক. ঐহিক > পারত্রিক খ. গাম্ভীর্য > চাপল্য
গ. আসক্ত > বিরক্ত ঘ. গুপ্ত > সুপ্ত

ব্যাখ্যাঃ গুরুত্বপূর্ণ কিছু বিপরীত শব্দ-

| | | | |
|---|---|---|---|
| লিপ্সা | বিরাগ | সুপ্ত | জাগ্রত |
| মোক্ষ | বন্ধন | সন্ধি | বিগ্রহ |
| মহাত্মা | নীচাত্মা/দুরাত্মা | ষণ্ড | গাভী |
| মৃদু | প্রবল | স্নিগ্ধ | রুক্ষ |
| শূন্য | পূর্ণ | স্তুতি | নিন্দা |

সঠিক উত্তর : ঘ.

২০. 'ঘুঘু দেখেছ, ফাঁদ দেখনি।' -বাক্যটির বিশিষ্টার্থ
ক. ফাঁদে আটকানোর কৌশল খ. শাস্তির কথা বলা
গ. অভিজ্ঞতার অভাব ঘ. বিপদগ্রস্ত হওয়ার ভয় দেখানো

ব্যাখ্যাঃ ঘুঘু দেখেছ, কিন্তু ফাঁদ দেখনি - ভবিষ্যতে বিপদগ্রস্ত হওয়ার ভয় দেখানো
ঘরের লক্ষ্মী পায়ে ঠেলা - কাম্যবস্তুকে অনাদর করা।
ঘটি ডোবে না নামে তালপুকুর - ছোটর বড় নাম গ্রহণ।
কালনেমির লঙ্কাভাগ - কাজ আরম্ভ করার আগেই ফল পাওয়ার আশা।
আসলে মুষল নেই ঢেঁকি ঘরে চাঁদোয়া - উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের অভাব।
সঠিক উত্তর : ঘ.

২১. কী উলক্ষে অপুদের কলিকাতার বাড়িতে গ্রামের কুটুম্বরা এসেছিলেন?
ক. রথযাত্রা উপলক্ষে খ. রাস উপলক্ষে
গ. বিয়ে উপলক্ষে ঘ. পূজা উপলক্ষে

ব্যাখ্যাঃ বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

২২. 'অনেকের পক্ষে নিজেদের আয়ত্তের বহির্ভূত উচ্চস্থানে ওঠবার চেষ্টাটাই মহাপতনের কারণ হয়।'- কার রচনার অন্তর্গত?
ক. প্রমথ চৌধুরীর খ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের
গ. শওকত ওসমানের ঘ. জহির রায়হানের

ব্যাখ্যাঃ বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ক.

২৩. 'He is man of world.' এর বঙ্গানুবাদ-
ক. তিনি বিশ্ববিখ্যাত লোক খ. তিনি পৃথিবীর লোক
গ. তিনি বিষয়ী লোক ঘ. তিনি সম্পদশালী লোক

ব্যাখ্যাঃ He is man of world - তিনি অভিজ্ঞ / বিষয়ী লোক
The situation has come to head - পরিস্থিতি চরম অবস্থায় পৌছেছে।
The man is off his had - লোকটির মাথা খারাপ হয়েছে।
Ill got ill spent - পাপের ধন প্রায়শ্চিত্যে যায়।
The anti-socials are still at large - সমাজ বিরোধিরা এখনো ধরা ছোয়ার বাইরে।
সঠিক উত্তর : গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২৪. উদাসিনী সেই পল্লী-বালার নয়নের জল বুঝি - 'কবর' কবিতার এই পল্লী- বাংলা বৃদ্ধের-
ক. স্ত্রী খ. কন্যা
গ. পুত্রবধূ ঘ. পৌত্রী

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

২৫. 'মিস্ত্রি' শব্দটি
ক. পর্তুগিজ খ. হিব্রু
গ. ওলন্দাজ ঘ. সংস্কৃত

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ পর্তুগিজ শব্দ বিস্তারিত : ঢাবি (২০১৪-২০১৫) এর (১৯) নং দেখ।
সঠিক উত্তর : ক.

## English

***Read the passage and answer the Q. (1-5)***

A rain forest as the term suggest, is a kind of wooden area, subject to unusually heavy and frequent rains. Found only in the tropical or subtropical regions of the Caribbean, Brazil, Africa & Asia, rain forest contain a great variety of trees including bamboo, palm, cedar, ebony, calabash and whitewood. Many of these trees grow to a height of more than a hundred feet, with dense canopies or crowns characteristically forming three distinguishable storeys. Although ground flora is spares climbers of all kinds around, and often exotic flowers appear inconspicuously in the thick foliage.

**01. 'Wooded area' means-**
A. Area full of woods
B. area that looks wooden
C. forest area
D. forest wood

ব্যাখ্যা: Wooded area - গাছপালা/বৃক্ষ দ্বারা আচ্ছাদিত এলাকা / বন।
Ans : C.

**02. 'inconspicuously' stands for-**
A. Not easily noticeable B. impossible to find
C. unusually D. Naturally

ব্যাখ্যা: Inconspicuously - adv - অস্পষ্টভাবে, যা সহজে চোখে পড়ে না।
Not easily noticeable - যা সহজে চোখে পড়ে না।
Impossible to find - খুজে পাওয়া অসম্ভব
শুধুমাত্র অপশন (A) এর সাথে Inconspicuously এর মিল রয়েছে।
Ans : A.

**03. Choose a suitable title for the passage**
A. Trees and rain forest B. A dream Region
C. The Rain Forest D. Forestry

ব্যাখ্যা: Passage এর ১ম লাইনেই rain forest এর definition দেয়া আছে। Writer rain forest এর বৈশিষ্ট্য আলোচনা করার সুবিধার্থে গাছের প্রসঙ্গ তুলেছেন। কিন্তু গাছ (trees) এই Passage এর Title এর অংশ হতে পারে না। কেননা Writer সম্পূর্ণ Passage এ rain forest এর বৈশিষ্ট্য, এলাকা নিয়ে আলোচনা করেছেন। তাই Passage এর Title হিসেবে 'The rain forest' perfect.
Ans : C.

**04. 'Dense canopies or crowns' means-**
A. Thick branches of trees B. Crown like top of trees
C. Coarse leaves in crown D. Rough branches of trees

ব্যাখ্যা: Dense canopy or crown - মাথার উপর ঘন আচ্ছাদন বা মুকুট।
Thick brances of trees - গাছের ঘন শাখা-প্রশাখা।
Crown like top of trees - গাছের মুকুটের মত উপরিভাগ
Coarse leaves in crown form - মুকুটের মত হয়ে থাকা শুকনো পাতা।
Rough brances of trees - গাছের এবড়ো থেবড়ো শাখা
শুধুমাত্র অপশন (B) এর সাথে প্রশ্নের এর মিল রয়েছে।
Ans : B.

**05. The word `climbers' means-**
A. Ladders B. mountaineers
C. Those who climb D. creepers

ব্যাখ্যা: Climb - verb - আরোহন করা।
Climbers - noun - যারা আরোহন করে
Ladder - মই
Mountaineers - পবর্তারোহী
Those who climb - যারা আরোহন করে
Creepers - লতা - পাতা
Passage - এ Climbers দ্বারা লতা পাতাকেই বোঝানো হয়েছে।
Ans : D.

**06. Choose the appropriate to fill in the blank. This is a difficult question _______ answer.**
A. for B. to C. with D. in

ব্যাখ্যা: কোন বিষয় বা প্রশ্নের উত্তর দেয়া বা সমাধান করা বুঝাতে difficult এর পর Preposition to বসে। Preposition
Ans : B.

**07. What is the major attraction of life as expressed in 'Under the green wood tree?'**
A. no people B. rich nature
C. no enemy D. singing birds

ব্যাখ্যা: Shakespeare তার Under the greenwood tree কবিতায় বলেছেন-
Here shall he see
no enemy
but winter and rough weather
Literature
অর্থাৎ শৈত্য আর তীব্র আবহাওয়া ব্যতীত বনে তার কোন শত্রু নেই। Shakespeare এই শত্রু না থাকার ব্যাপারটিকে প্রধান আকর্ষণ হিসেবে আখ্যায়িত করেছেন।
Ans : C.

**08. What does 'wander' mean?** Synonym
A. surprise B. miracle
C. tread D. walk aimlessly

ব্যাখ্যা: Wander - verb - উদ্দেশ্যবিহীন ঘুরে বেড়ানো
Synonym - Walk Aimlessly, Aberrate, Cruise, Digress, Diverge, Drift, Ramble, Mill Around, Stray, Strool, Swerve
Ans : D.

**09. Fill in the blank with the suitable preposition. She has dealt -- the problem nicely.**
A. with B. in C. to D. on

ব্যাখ্যা: Deal in - ব্যবসা করা
Deal With - ব্যবহার করা, আলোচনা করা
এখানে আলোচনা করা অর্থে Deal With বসবে। Prepositio
Ans : A.

**10. Choose the synonym of 'Serene'.**
A. Severe B. dark C. calm D. serious

ব্যাখ্যা: Serene - adj - শান্ত, শান্তিপূর্ণ
Synonym : Calm, Composed, Cool, Peaceful, Placid, Tranquil, Undisturbed, Untroubled Synonym
Antonym : Troubled, Disturbed
Ans : C.

**11. Choose the suitable word to fill in the blank. His appeal _______ mercy was rejected.**

A. to B. for
C. on D. with

Preposition

ব্যাখ্যা: Appeal to (somebody) কিন্তু
Appeal for (something)
এখানে যেহেতু শূন্যস্থানের পর দেয়া আছে অর্থাৎ ক্ষমার জন্য আবেদন বলা আছে তাই appeal এর পর for বসবে।
**Ans : B.**

**12. The frown on the man's face showed that he was displeased. In the sentence 'frown' can be replaced by-**

A. look for fear B. look for anger
C. look of surprise D. look of delight

ব্যাখ্যা: frown - বিস্মিত বা বিরক্ত হয়ে ভ্রুকুচি করা। অর্থাৎ
Look for anger - বিরক্তি নিয়ে তাকানো Synonym
**Ans : B.**

**13. My father will discipline me for my actions. Here 'discipline' mean**

A. Reward B. Reproach
C. Reprove D. Punish

Synonym

ব্যাখ্যা: Discipline - noun - নিয়মানুবর্তিতা
Discipline - Verb - শাস্তি দেয়া নিয়মানুবর্তী করা
**Synonym** - Verb - Punish, Correct, Penalise, Beat, Castigate, Chasten Chastise flog, maltreat,
**Synonym** - noun - Chastisement, Correction, drill, regulation, restrain, Strictness.
**Antonym :** Reward, Carelessness, Negligencs
**Ans : D.**

**14. Choose the best option to fill in the blank. Teachers dislike _______ the examination routine as much as students do.**

A. Changing B. Change
C. Having change D. To be changed

ব্যাখ্যা: কিছু কিছু Verb এর পর Infinitive (to+verb) বা Gerund (Verb+ing) দুটিই হতে পারে। যেমন -
begin, stand, continue, dread, hate, like, dislike, love, prefer, Regret, Start, Try.
এখানে কোন অপশনে Infinitive (to+verb) নাই তাই সঠিক অপশন হবে Changing right form of verb
**Ans : A.**

**15. My friend does not like terroism and _______.**

A. Neither I do B. Neither do I
C. I do D. I do either

ব্যাখ্যা: Affirmative aggrement সাধারত দুই ভাবে করা সম্ভব, নিচে structure দেয়া হল: Affirmative agreement

Negative Statement + And + { Subject + Negative auxiliary /be+either
Neither + positive auxiliary/be + subject }

তবে এক্ষেত্রে main clause এ যে verb বসবে দ্বিতীয় clause ও একই tense এ হতে হবে। person অনুযায়ী verb ভিন্ন হতে পারে কিন্তু tense ঠিক থাকতে হবে।
**Exam:** I am happy and you are too.
I am happy and so are you.
**Exam:** She will wear a costume to the party and we will too .
She will wear a costume to the party and so will we.
**Exam:** Karim goes to the school, and Rahim does too.
Karim goes to the school, and so does Rahim.
অনুরূপভাবে You like chocolate, and so do I.

আর Negative agreement ও দুই ভাবে করা যায় নিচের এর structure দেয়া হল-

Affirmative Statement + And + (I) Subject + { Verb / Auxiliary verb } + (I) Too
(II) So + { Do, Does, Did } + (II) Subject

**Exam:** Karim hasn't seen the movie yet, and I haven't either
Karim hasn't seen the movie yet, and neither have I.
আলোচ্য প্রশ্নে যেহেতু Principal clause neagative দেয়া আছে তাই agreement হবে, Neither do i বা I don't either.
**Ans : B.**

**16. Select the right option for the blank space. If forests are destroyed wild animals _______ their natural habitation.**

A. Loses B. will have loss
C. will lose D. lost

ব্যাখ্যা: 1st Conditional Sentence এর উদাহরণ তাই,
If + present indefinite + future indefinite tense এ হবে।
**Ans : C.** Conditional

**17. Choose the correct spelling**

A. repetition B. repeatation
C. rapetition D. repeatition

Spelling

ব্যাখ্যা: Repeatition - noun - পুনরাবৃত্তি
**Synonym :** Echo, Replay, Reproduction, Reshowing.
**Ans : A.**

**18. The tiny print on the poster is _______ small to be read easily.**

A. so B. much
C. very D. too

ব্যাখ্যা: Too.....to এ Structure অনুযায়ী হবে - অর্থাৎ
Too + adj/adv + to + v
Sentence টির অর্থ হয় - পোস্টারের লেখাগুলো এতই ছোট যে সহজে পড়া যায় না। Completing Sentence
**Ans : D.**

**19. Choose the correct translation of the sentence 'আমি ১৯৮৫ সালের ১ জানুয়ারি জন্মগ্রহণ করেছি'।**

A. I have been born in January 1, 1985
B. I was born on January 1, 1985
C. I born on January 1, 1985
D. I was been born in January 1, 1985

Translation

ব্যাখ্যা: জন্মগ্রহণ করা বোঝাতে was born হবে।
**Ans : B.**

**20. He bought a new car beacuse his old one _____ down.**

A. broke B. had been broken
C. has broken D. was broken

ব্যাখ্যা: Sequence of tense অনুযায়ী সংঘটিত দুটি কাজের মধ্যে যে কাজটি আগে ঘটেছে সেটি Past perfect tense হয়। যেহেতু গাড়ি ভাঙার কাজটি আগে ঘটেছে তাই এটি Past Perfect tense এ হবে। আবার যেহেতু গাড়ি নিজে নিজে ভাঙে না তাই এটি Passive হবে।
**Ans : B.** Sequence of Tense

**21. Verb of the word 'justification' is-**

A. justice B. justify
C. justifiable D. justifiably

Verb

ব্যাখ্যা: Justification - Noun - ন্যায্যতা প্রতিপাদন
Justify - Verb - ন্যায্যতা প্রতিপাদন করা
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

22. **Muslims was a fabric _______ by the famed weavers of Bangladesh.**
A. woven B. weave
C. wove D. had weaved

ব্যাখ্যা: Sentence টি Passive Voice এ আছে তাই Verb এর past perfect form হবে। অর্থাৎ woven কেননা

| present | past | past participle |
|---|---|---|
| weave | wove | woven |

Voice

**Ans : A.**

23. **Choose the correct sentence.**
A. I need a few furnitures
B. I do ot need furnitures
C. I do not need some furnitures
D. I need some furniture

Correction

ব্যাখ্যা: Furniture Uncountable Noun তাই এর Plural form হয় না।
**Ans : D.**

24. **'Jocund company' in Wordsworth's I Wondered Lonely as a Cloud' refers to**
A. a friend B. a group of man who stood by
C. waves D. daffodils

ব্যাখ্যা: William Wordsworth এর I wandered lonely as a Cloud কবিতায় Jocund Company (প্রাণবন্ত সাথী) বলতে daffodils কে বুঝিয়েছেন।
**Ans : D.** Literature

25. **Select the best option to fill in the blank. If I had seen it I _______ you about it.**
A. will tell B. had told
C. could tell D. would have told

ব্যাখ্যা: এটা 3rd Conditional Sentence অর্থাৎ if + past perfect + would have + verb (P.P) হবে।
**Ans : D.** Conditional

## সাধারণ জ্ঞান

**০১. ছয় দফা দাবি উত্থাপন করা হয়-**
ক. ঢাকায় খ. লাহোরে গ. করাচীতে ঘ. চট্টগ্রাম

ব্যাখ্যা: • ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত এক সম্মেলনে বাঙালির মুক্তির সনদ "ছয় দফা" দাবি পেশ করা হয়।
• বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐতিহাসিক "ছয় দফা" ঘোষনা করেন।
• আনুষ্ঠানিক ভাবে "ছয় দফা" ঘোষনা করা হয় - ২৩ মার্চ, ১৯৬৬।
• ছয় দফা প্রথম দফা ছিল - প্রাদেশিক স্বায়ত্বশাসন।
• বাঙালি জাতির মুক্তির সনদ ও ম্যাগনাকার্টা - ছয় দফা।
**সঠিক উত্তর : খ.**

**০২. যে বিদেশি রাজা ভারতের কোহিনুর মণি ও ময়ূর সিংহাসন লুট করেন-**
ক. আহমদ শাহ আবদালি খ. নাদির শাহ
গ. দ্বিতীয় শাহ আব্বাস ঘ. সুলতান মাহমুদ

ব্যাখ্যা: • বিশ্বখ্যাত ময়ূর সিংহাসন নির্মান করেন সম্রাট শাহজাহান খুররম।
• সম্রাট শাহজাহান মুকুটে বিশ্ববিশ্রুত "কোহিনুর হীরা" শোভাবর্ধন করত।
• ১৭৩৯ সালে পারস্য সম্রাট নাদির শাহ ভারতবর্ষ আক্রমন করে এবং এসব মূল্যবান জিনিসপত্র লুট করে নিয়ে যায়।
• ময়ূর সিংহাসন বর্তমানে ইরানে আছে।
**সঠিক উত্তর : খ.**

**০৩. 'দ্য ক্রুয়েল বার্থ অব বাংলাদেশ' গ্রন্থের রচয়িতা-**
ক. সায়মন ড্রিং খ. আর্চার কে ব্লাড
গ. এ্যান্থনি মাসকারেনহাস ঘ. এ্যালেন গিন্সবার্গ

ব্যাখ্যা: • বাংলাদেশের মুক্তিযুদ্ধে অবদান রাখা এবং মুক্তিযুদ্ধ ভিত্তিক লেখক ও বিদেশি ব্যক্তিগণ-

| নাম | অবদান |
|---|---|
| ডব্লিউ এস ওডারল্যান্ড | বীর প্রতীক খেতাব প্রাপ্ত একমাত্র বিদেশী মুক্তিযোদ্ধা |
| সাইমন ড্রিং | ব্রিটিশ সাংবাদিক, হানাদার বাহিনীর নারকীয় হত্যাযজ্ঞ বহিবিশ্বে তুলে ধরেন। |
| আর্চার কে ব্লাড | বাংলাদেশে গণহত্যা সম্পর্কে তার রচিত বই - "দি ক্রুয়েল বার্থ অব বাংলাদেশ। |
| এন্থনি মাসকারেনহাস | তার রচিত মুক্তিযুদ্ধ ভিত্তিক গ্রন্থ ঃ- The Rape of Bangladesh এবং Bangladesh : The Legacy of Blood |
| এলেন গিন্সবার্গ | তার রচিত মুক্তিযুদ্ধ ভিত্তিক বিখ্যাত কবিতা- সেপ্টেম্বর অন যশোর রোড |

**সঠিক উত্তর : খ.**

**০৪. বাংলাদেশের সংবাদ সংস্থা-**
ক. এপি খ. রয়টার্স গ. ইউএনবি ঘ. এএফপি

ব্যাখ্যা: বাংলাদেশসহ বিশ্বের কয়েকটি দেশের সংবাদ সংস্থা সম্পর্কে বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর (০৯) নং দেখ।
**সঠিক উত্তর : গ.**

**০৫. নেপালের সদ্য বরখাস্তকৃত প্রধানমন্ত্রীর নাম-**
ক. শের বাহাদুর দিউবা খ. গিরিজা প্রসাদ কৈরালা
গ. বীরেন্দ্র প্রসাদ থাপা ঘ. জ্ঞানেন্দ্র বাহাদুর শেরপা
**সঠিক উত্তর : নেই.**

**০৬. বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম নিদর্শন-**
ক. ধম্মপদ খ. চর্যাপদ গ. শ্রীকৃষ্ণকীর্তন ঘ. পদ্মাবতী

ব্যাখ্যা: • বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম নিদর্শন - চর্যাপদ।
• চর্যাপদ আবিষ্কার করেন - হরপ্রসাদ শাস্ত্রী (১৯০৭ সালে নেপালের রাজ গ্রন্থাগার থেকে)
• চর্যাপদ মূলত সন্ধ্যা বা সান্ধ্য ভাষায় মাত্রাবৃত্ত ছন্দে রচিত এক প্রকার গান।
• চর্যাপদ পাল রাজবংশের আমলে রচিত সহজিয়া বৌদ্ধ ধর্মাবলম্বীদের সাহিত্য।
• ড. মুহাম্মদ শহীদুল্লাহর মতে চর্যাপদের কবির সংখ্যা - ২৩ জন,
ড. সুকুমার সেনের মতে - ২৪ জন
• চর্যাপদের প্রথম কবি - লুইপা।
• ১৯১৬ সালে হর প্রসাদ শাস্ত্রীর সম্পাদনায় চর্যাপদ গ্রন্থাকারে প্রকাশিত হয়।
**সঠিক উত্তর : খ.**

**০৭. মাটির ময়না ছবির পরিচালক-**
ক. মাসুদ রানা খ. রাজ্জাক
গ. তারেক মাসুদ ঘ. কাজী ফারুক

ব্যাখ্যা: • তারেক মাসুদের জন্ম ঃ- ৬ ডিসেম্বর ১৯৫৭ ফরিদপুর
• তার উল্লেখযোগ্য চলচ্চিত্র ঃ মাটির ময়না (কান পুরস্কার প্রাপ্ত, ২০০২), রানওয়ে (২০১০) অন্তর্যাত্রা (২০০৬) কাগজের ফুল (অসমাপ্ত)।
• তিনি ২০১১ সালের ১৩ আগস্ট কাগজের ফুল ছবির শুটিং স্পট দেখে মানিকগঞ্জ থেকে ফেরার পথে সড়ক দুর্ঘটনায় নিহত হন।
• তার স্মরণে নির্মিত স্থাপনা ঃ সড়ক দুর্ঘটনা স্মৃতি স্থাপনা (ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলের সামনে)
**সঠিক উত্তর : গ.**

**০৮. যে শহরে United Nations Charter শহরে স্বাক্ষরিত হয়-**
ক. নিউইয়র্ক খ. সানফ্রান্সিসকো
গ. জেনেভা ঘ. লন্ডন

ব্যাখ্যা: • ১৯৪৫ সালের ২৬ জুন যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকোতে জাতিসংঘ চার্টার স্বাক্ষরিত হয়।
• জাতিসংঘ গঠন সংক্রান্ত লন্ডন ঘোষণা স্বাক্ষরিত হয় - ১২ জুন, ১৯৪১
• জাতিসংঘের খসড়া সনদ প্রণয়ন করা হয় - ১৯৪৪ সালে
• জাতিসংঘ নামটির প্রস্তাবক ছিলেন - মার্কিন প্রেসিডেন্ট - ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট।
• জাতিসংঘ সনদ কার্যকর হয় - ২৪ অক্টোবর ১৯৪৫।
**সঠিক উত্তর : খ.**

০৯. বাংলাদেশ সোর্ড অব অনার পুরস্কার প্রাপ্ত প্রথম নারী-
ক. রাজিয়া সুলতান খ. তারমন বিবি
গ. মারিয়া ইসলাম ঘ. মারজিয়া ইসলাম

ব্যাখ্যা: • ২০০৫ সালে প্রথম নারী হিসেবে "সোর্ড অব অনার" পান বাংলাদেশের সেনাবাহিনীর নারী ক্যাডেট - মারজিয়া ইসলাম।
সঠিক উত্তর : ঘ.

১০. গ্রিসের দার্শনিক নন-
ক. এরিস্টটল খ. প্লেটো গ. সক্রেটিস ঘ. ভলটেয়ার

ব্যাখ্যা: • ভলতেয়ার একজন ফরাসি দার্শনিক।
• ভলতেয়ার ও রুশো তাদের লেখনীর মাধ্যমে ফরাসি বিপ্লবের অনুপ্রেরণা যুগিয়েছিলেন।
• ভলতেয়ারের উল্লেখযোগ্য গ্রন্থ- Eassys on Morals, Spirit of Nations
সঠিক উত্তর : ঘ.

১১. সম্প্রতি স্থগিত সার্ক শীর্ষ সম্মেলন-
ক. সপ্তম খ. দশম গ. দ্বাদশ ঘ. ত্রয়োদশ

ব্যাখ্যা: • সম্প্রতি ১৮ তম সার্ক (SAARC) শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে - ২৬-২৭ নভেম্বর ২০১৪, কাঠমুন্ডু, নেপাল।
• ১৯ তম সার্ক শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে - পাকিস্তানে ২০১৬ সালে।
সঠিক উত্তর : নেই.

১২. ইন্তিফাদা কী?
ক. প্যালেস্টাইন শান্তিবাহিনী খ. প্যালেস্টাইন-ইসরাইল চুক্তি
গ. প্যালেস্টাইন জাগরণ ঘ. প্যালেস্টাইন সামরিক ঘাটি

ব্যাখ্যা: "ইন্তিফাদা" শব্দের অর্থ অভ্যুত্থান" যা বর্তমান ফিলিস্তিনের জাগরণ হিসেবে পরিচিত।
সঠিক উত্তর : গ.

১৩. সর্বমোট কয়টি বিষয়ে নোবেল পুরস্কার দেওয়া হয়?
ক. ৫টি খ. ৬টি গ. ৮টি ঘ. ৯টি

ব্যাখ্যা: • ১৯০১ সালের ১০ ডিসেম্বর প্রথম নোবেল পুরস্কারের সূচনা হয়।
• প্রাথমিকভাবে ৫টি বিষয়ে নোবেল পুরস্কার দেয়া হয় ঃ-
চিকিৎসা, রসায়ন, পদার্থবিদ্যা সাহিত্য ও শান্তি।
• ১৯৬৮ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার প্রবর্তন করা হয়।
• সর্বপ্রথম ১৯৬৯ সালে নোবেল পুরস্কার দেয়া হয়।
• তাই বর্তমানে ৬টি বিষয়ে নোবেল পুরস্কার দেয়া হয়।
সঠিক উত্তর : খ.

১৪. বাংলাদেশ সেনাবাহিনীর ১৫ জন সদস্য কোথায় বিমান দূর্ঘটনায় শহীদ হন?
ক. দক্ষিণ আফ্রিকায় খ. বেনিনে
গ. বাহরাইনে ঘ. লন্ডনে

ব্যাখ্যা: • মধ্য আফ্রিকার দেশ বেনিনের রাজধানী পোর্ট নোভায় ২০০৪ সালে বাংলাদেশ সেনাবাহিনীর ১৫ জন সদস্য বিমান দুর্ঘটনায় নিহত হন।
সঠিক উত্তর : খ.

১৫. 'লজিক' বা 'তর্কশাস্ত্রের' জন্ম হয়েছে-
ক. পোল্যান্ড খ. ইংল্যান্ড গ. জার্মানিতে ঘ. গ্রিসে

ব্যাখ্যা: • প্রাচীন গ্রীসে তর্কশাস্ত্র ছাড়া ও গণিত, জ্যামিতি, ইতিহাস, ভূগোল বিজ্ঞান ছাড়া ও বিভিন্ন শাস্ত্রের উদ্ভব হয়েছে।
সঠিক উত্তর : ঘ.

১৬. ইয়াসির আরাফাত মারা যান-
ক. জেরুজালেমে খ. রামাল্লায় গ. ওয়াশিংটনে ঘ. প্যারিসে

ব্যাখ্যা: ইয়াসির আরাফাত ২৪ আগস্ট, ১৯২৯ সালে মিসরের কায়রোতে জন্মগ্রহণ করেন
• ১৯৫৯ সালে তিনি ফাতাহ নামক রাজনৈতিক দল গঠন করেন।
• PLO এর চেয়ারম্যান হন ১৯৬৯ সালে এবং ১৯৬৬ সালে ফিলিস্তিনের প্রেসিডেন্ট নির্বাচিত হন।
• ১৯৯৪ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন।
• ২০০৪ সালের ১১ নভেম্বর ফ্রান্সের প্যারিসে মৃত্যুবরণ করেন এবং তাকে ফিলিস্তিনের রামাল্লায় সমাহিত করা হয়।
সঠিক উত্তর : ঘ.

১৭. ইন্দোনেশিয়ার বর্তমান প্রেসিডেন্ট-
ক. মেঘবতী সুকর্ণপুত্রী খ. সুহার্তো
গ. আবদুর রহমান ওয়াহিদ ঘ. সুশিলো বামবাং

সঠিক উত্তর : নাই.

১৮. অর্থনৈতিক ব্যবস্থার সামগ্রিক বিশ্লেষণকে বলা হয়-
ক. ব্যাষ্টিক অর্থনীতি খ. সামষ্টিক অর্থনীতি
গ. বাজার অর্থনীতি ঘ. বাজেট

ব্যাখ্যা: • আধুনিক অর্থনীতিকে ২ ভাগে ভাগ করা হয় (১) ব্যষ্টিক (Micro) (২) সমষ্টিক (Macro)
• ১৯৩৩ সালে অর্থনীতিবিদ রাগনার ফ্রিশ এই সম্পর্কে মতবাদ দেশ।
সঠিক উত্তর : খ.

১৯. পৃথিবীর প্রাচীনতম ধর্ম-
ক. ইহুদি ধর্ম খ. খ্রিস্ট ধর্ম
গ. ইসলাম ধর্ম ঘ. হিন্দু ধর্ম

ব্যাখ্যা: • হিন্দু ধর্মের প্রকৃত নাম - সনাতন ধর্ম
• সিন্ধু নদী থেকে হিন্দু শব্দটির উৎপত্তি
• হিন্দুদের আদি ধর্মগ্রন্থ বেদ।
• গয়া ও কাশি হিন্দুদের পবিত্র স্থান।
• সনাতন শব্দের অর্থ চিরন্তন অর্থাৎ যা ছিল, আছে ও থাকবে।
সঠিক উত্তর : ঘ.

২০. বিশ্বের উষ্ণতা রোধের জন্য স্বাক্ষরিত চুক্তি-
ক. জেনেভা চুক্তি খ. কিয়োটো চুক্তি
গ. সিটিবিটি ঘ. রোম চুক্তি

ব্যাখ্যা: • পৃথিবীর উষ্ণতা রোধে কিয়োটো চুক্তি বা কিয়োটা প্রটোকল (The Kyoto Protocol) স্বাক্ষরিত হয়।
• স্বাক্ষর করা হয় - ১১ ডিসেম্বর ১৯৯৭ সালে জাপানের টোকিওতে
• কার্যকর হয় - ১৬ ফেব্রুয়ারি ২০০৫।
• মেয়াদ শেষ হয় - ৩১ ডিসেম্বর ২০১২
• প্রত্যাহার কারি দেশ - মার্কিন যুক্তরাষ্ট্র।
সঠিক উত্তর : খ.

২১. আন্তর্জাতিক অপরাধ আদালতের সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক. দি হেগ খ. জেনেভা
গ. ন্যুরেমবার্গ ঘ. টোকিও

ব্যাখ্যা: পৃথিবীর গুরুত্বপূর্ণ সংস্থার সদর দপ্তর, বিস্তারিত : ঢাবি (২০০৫-২০০৬) এর (১৫) নং দেখ।
সঠিক উত্তর : ক.

২২. বর্তমান সার্ক সভাপতি রাষ্ট্র-
ক. নেপাল খ. পাকিস্তান গ. ভারত ঘ. বাংলাদেশ

সঠিক উত্তর : ক.

২৩. বাংলা ভাষাকে দেশের দ্বিতীয় ভাষার মর্যাদা দিয়েছে-
ক. সাইবেরিয়া খ. নামিবিয়া গ. হাইতি ঘ. সিয়েরা লিওন

ব্যাখ্যা: • সিয়েরা লিওন আফ্রিকার একটি দেশ।
• বাংলাদেশ সেনাবাহিনী সেখানে জাতিসংঘ শান্তি মিশনে (UNMASIL) কর্মরত আছে এবং সেখানকার জনসাধারন তাদের কাছ থেকে বাংলা ভাষা শিখছে।
• এজন্য সেখানকার প্রধান রাষ্ট্রভাষা ইংরেজির পাশাপাশি বাংলাকে দ্বিতীয় রাষ্ট্রভাষার মর্যাদা দেয়া হয়েছে।
• বাংলাদেশ নামে সেখানকার একটি রাস্তার নামকরণ করা হয়েছে।
সঠিক উত্তর : ঘ.

২৪. লাইব্রেরি অব কংগ্রেস কোথায় অবস্থিত?
ক. নিউইয়র্কে খ. ওয়াশিংটন ডি.সি.তে
গ. ভার্জিনিয়াতে ঘ. শিকাগোতে

ব্যাখ্যা: বিশ্বখ্যাত কয়েকটি লাইব্রেরি-

| লাইব্রেরি | অবস্থান | লাইব্রেরি | অবস্থান |
|---|---|---|---|
| লাইব্রেরি অব কংগ্রেস | ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র | ব্রিটিশ মিউজিয়াম লাইব্রেরি | লন্ডন,যুক্তরাজ্য |
| নিউইয়র্ক পাবলিক লাইব্রেরি | নিউইয়র্ক,যুক্তরাষ্ট্র | বিবলিওথিক ন্যাশনাল লাইব্রেরি | প্যারিস,ফ্রান্স |
| লেনিন স্টেস লাইব্রেরি | মস্কো,রাশিয়া | ন্যাশনাল ডিন লাইব্রেরি | টোকিও,জাপান |
| পাবলিক লাইব্রেরি | লেনিনগ্রাদ,রাশিয়া | বিবলিওটেকা ন্যাজিওনাল সেন্ট্রাল | ফ্লোরেন্স ইতালি |
| একাডেমি অব সায়েন্স | লেনিনগ্রাদ,রাশিয়া | স্টেট লাইব্রেরি | মিউনিখ,জার্মানি |

সঠিক উত্তর : খ.

শিক্ষার সবকিছু পাবেন এখানেই

২৫. "অর্থনীতি সম্পদের বিজ্ঞান" বলেছেন-
ক. এল. রবিন্স খ. আলফ্রেড মার্শাল
গ. অ্যাডাম স্মিথ ঘ. টি. মালথাস

ব্যাখ্যা: • অর্থনীতি বা অর্থশাস্ত্রের জনক - অ্যাডাম স্মিথ
• তার লেখা বই - An Enquiry Into The Nature And Causes Of Wealth Of Nations
• তিনি অর্থনীতিকে সম্পদের বিজ্ঞান বলেছে।
• ১৭৯০ সালের ১৭ জুলাই তিনি মৃত্যুবরণ করেন।
সঠিক উত্তর : গ.

২৬. যে দেশের জাতীয় পতাকা কখনোই অর্ধনমিত করা হয় না-
ক. সৌদি আরব খ. আইসল্যান্ড
গ. গ্রিনল্যান্ড ঘ. ভ্যাটিক্যান

ব্যাখ্যা: • মুসলিম দেশ সৌদি আরব ও ইরানের জাতীয় পতাকার পবিত্র কালেমা লেখা আছে তাই এই দুই দেশের পতাকা কখনই অর্ধনমিত করা হয় না।
সঠিক উত্তর : ক.

২৭. যে বাংলাদেশি সর্বশেষ ম্যাগসাসে পুরস্কার পেয়েছেন-
ক. আবদুল্লাহ আবু সায়ীদ খ. এ্যাঞ্জেলা গোমেজ
গ. তাহেরুন্নেসা আবদুল্লাহ ঘ. ফজলে হাসান আবেদ

সঠিক উত্তর : নেই.

২৮. যে শহরে ২০০৬ সনের বিশ্বকাপ ফুটবল ফাইনাল অনুষ্ঠিত হয়-
ক. মিউনিখ খ. বার্লিন গ. বন ঘ. ফ্রাংকফুট

ব্যাখ্যা: • ২০১৮ সালে বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে - রাশিয়াতে।
• ২০২২ সালে অনুষ্ঠিত হবে - কাতারে।
সঠিক উত্তর : খ.

২৯. বাংলাদেশ বিশ্বকাপ ক্রিকেট প্রতিযোগিতায় প্রথম যে দেশের বিরুদ্ধে ম্যাচ খেলেছিল-
ক. স্কটল্যান্ড খ. নিউজিল্যান্ড
গ. পাকিস্তান ঘ. জিম্বাবুয়ে

ব্যাখ্যা: • বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশের প্রথম প্রতিপক্ষ - নিউজিল্যান্ড
• T20 ক্রিকেটে প্রথম প্রতিপক্ষ - জিম্বাবুয়ে।
• ICC ট্রফিতে প্রথম প্রতিপক্ষ - ফিজি।
• ওয়ানডে ক্রিকেটে প্রথম প্রতিপক্ষ - পাকিস্তান।
• টেস্ট ক্রিকেটে প্রথম প্রতিপক্ষ - ভারত।
সঠিক উত্তর : খ.

৩০. গ্যাসের চাপ মাপার যন্ত্র-
ক. ম্যানোমিটার খ. ব্যারোমিটার
গ. ফ্যাদোমিটার ঘ. অডিওমিটার

ব্যাখ্যা: কয়েকটি বৈজ্ঞানিক যন্ত্র ও ব্যবহার-

| যন্ত্রের নাম | ব্যবহার | যন্ত্রের নাম | ব্যবহার |
|---|---|---|---|
| অলটি মিটার | উচ্চতা নির্ণায়ক যন্ত্র | ব্যারোমিটার | বায়ুমন্ডলের চাপ মাপক যন্ত্র |
| অ্যামিটার | বিদ্যুত প্রবাহ মাপক যন্ত্র | ম্যানোমিটার | গ্যাসের চাপ নির্ণায়ক যন্ত্র |
| অডিওমিটার | শব্দের তীব্রতা নির্ণায়ক যন্ত্র | সিসমোগ্রাফ | ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র |
| ওডো মিটার | মোটর গাড়ির গতি নির্ণায়ক যন্ত্র | স্ফিগমোম্যানোমিটার | রক্তচাপ নির্ণায়ক যন্ত্র |
| ক্রোনোমিটার | সমুদ্রের দ্রাঘিমা/সময় পরিমাপক যন্ত্র | সিসমোমিটার | ভূমিকম্প পরিমাপক যন্ত্র |
| ফ্যাদোমিটার | সমুদ্রের গভীরতা নির্ণয়ক যন্ত্র | সেক্সট্যান্ট | সূর্য/গ্রহের কৌণিক উন্নতি পরিমাপক যন্ত্র |

সঠিক উত্তর : ক.

৩১. কোন সালে ঢাকার ইংরেজি বানান 'Dacca' থেকে 'Dhaka' হয়?
ক. ১৯৮২ সালে খ. ১৯৮৩ সালে
গ. ১৯৮০ সালে ঘ. ১৯৮৪ সালে

ব্যাখ্যা: • ইংরেজি বানান Dacca থেকে Dhaka করা হয় - ১৯৮২ সালে
• কার্যকর করা হয় - ১৯৮৩ সালে।
• সংবিধানের অষ্টম সংশোধনী বিল - ১৯৮৮ এর মাধ্যমে পাশ ও অনুমোদিত হয়।
সঠিক উত্তর : ক.

৩২. এঁদের মধ্যে কে বীরশ্রেষ্ঠ?
ক. কামালউদ্দীন খ. মুন্সী আ: রহীম
গ. নুরুল ইসলাম ঘ. মহিউদ্দীন জাহাঙ্গীর

ব্যাখ্যা: ৭ জন বীরশ্রেষ্ঠ সম্পর্কে বিস্তারিত-

| নাম | কর্মস্থল | পদবী | সেক্টর | মৃত্যু | সমাধিস্থল |
|---|---|---|---|---|---|
| নূর মোহাম্মদ শেখ | EPR | ল্যান্স নায়েক | ৮নং | ৫ সেপ্টেম্বর ১৯৭১, যশোর | কাশিমপুর, যশোর |
| মুন্সী আব্দুর রউফ | EPR | ল্যান্স নায়েক | ১ নং | ২০ এপ্রিল, ১৯৭১ রাঙ্গামাটি | কালুরঘাট, চট্টগ্রাম |
| মহিউদ্দিন জাহাঙ্গীর | সেনাবাহিনী | ক্যাপ্টেন | ৭নং | ১৪ ডিসেম্বর ১৯৭১ চাপাইনবাবগঞ্জ | সোনা মসজিদ চাপাইনবানগঞ্জ |
| রুহুল আমিন | নৌবাহিনী | স্কোয়াড্রন ইঞ্জিনিয়ার | ১০ নং | ১০ ডিসেম্বর ১৯৭১ রূপসা, খুলনা | রুপসা, খুলনা |
| মোস্তফা কামাল | সেনাবাহিনী | সিপাহী | ২ নং | ১৭ এপ্রিল ১৯৭১ দরুইন, বি-বাড়ীয়া | আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া |
| হামিদুর রহমান | নৌবাহিনী | সিপাহী | ৪ নং | ২৮ অক্টোবর, ১৯৭১ মৌলভীবাজার | ২০০৭ সালের ১১ ডিসেম্বর মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানে |
| মতিউর রহমান | বিমানবাহিনী | ফ্লাইট লেফটেন্যান্ট | - | ২০ আগষ্ট, ১৯৭১ গ্রাম : বিন্দা, ভারত | ২৪ জুন ২০০৬, মিরপুর শহীদ বুদ্ধিজীবি কবরস্থান |

সঠিক উত্তর : ঘ.

৩৩. 'অমরকোষ' কী জাতীয় গ্রন্থ?
ক. মহাকাব্য খ. নাটক গ. অভিধান ঘ. উপন্যাস

সঠিক উত্তর : গ.

৩৪. সাম্প্রতিক কালে জাতিসংঘের যে সংস্থায় বাংলাদেশ নির্বাচিত হয়েছে-
ক. এসকাপ খ. নিরাপত্তা পরিষদ
গ. জাতিসংঘ মানবাধিকার সংস্থা ঘ. ট্রাস্টিশিপ পরিষদ

সঠিক উত্তর : নেই.

৩৫. প্রাক্তন পাকিস্তানকে বিদায় জানাতে "আসসালামুআলাইকুম" জানিয়েছিলেন কে?
ক. মাওলানা আবদুল হামিদ খান ভাসানী খ. হোসেন শহীদ সোহারাওয়ার্দী
গ. শেখ মুজিবুর রহমান ঘ. শের-এ বাংলা এ.কে. ফজলুল হক

ব্যাখ্যা: • ১৯৭২ সালের ২৫ ফেব্রুয়ারি "হক কথা" নামে একটি সাপ্তাহিক পত্রিকা চালু হয়।
• এই পত্রিকার সম্পাদকীয় কলামে পাকিস্তানকে বিদায় জানাতে মাওলা ভাসানী আসসালামু আলাইকুম জানিয়েছিলেন।
সঠিক উত্তর : ক.

৩৬. মহাত্মা গান্ধী বাংলাদেশের কোন জেলায় সফর করেছিলেন?
ক. নোয়াখালী খ. বরিশাল
গ. ঢাকা ঘ. খুলনা

ব্যাখ্যা: • ভারতের জাতির জনক মহাত্মা গান্ধী ১৮৬৯ সালে ২ অক্টোবর গুজরাটে জন্ম গ্রহণ করেন।
• অহিংস আন্দোলন ও উপমহাদেশে হরতালের প্রবর্তক - মহাত্মা গান্ধী
• মহাত্মা গান্ধীর প্রকৃত নাম - মোহনদাস করমচাঁদ গান্ধী
• রবীন্দ্রনাথ ঠাকুর তাকে "মহাত্মা" উপাধি দেন।
• গান্ধীর লেখা বই - The Story of My Experiments With Truth.
• ১৯৪৭ সালের ২৯ জানুয়ারী নোয়াখালীর বেগমগঞ্জে - গান্ধী আশ্রম উদ্বোধনের জন আসেন।
• ১৯৪৮ সালের ৩০ জানুয়ারী তিনি - আততায়ী নাথুরাম গডসে কর্তৃক নিহত হন।
সঠিক উত্তর : ক.

৩৭. যে মুসলিম রাষ্ট্র ইউরোপীয় ইউনিয়নে যোগদান করার জন্য প্রার্থী-
ক. ইন্দোনেশিয়া খ. মিশর
গ. বসনিয়া ঘ. তুরস্ক

সঠিক উত্তর : ঘ.

৩৮. আবাদান বন্দর কোন দেশে?
ক. ইরাকে খ. ইরানে
গ. তুরস্কে ঘ. লিবিয়ায়

ব্যাখ্যা: বিশ্বের কয়েকটি দেশের গুরুত্বপূর্ন সমুদ্রবন্দর। বিস্তারিত : ঢাবি (২০০৫-২০০৬) এর (৪২) নং দেখ।
সঠিক উত্তর : খ.

শিক্ষার সর্বকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**৩৯. কোন দেশে সমুদ্রবন্দর নেই?**
ক. লেবানন খ. আলজেরিয়া
গ. মিশর ঘ. আফগানিস্তান

ব্যাখ্যাঃ বিশ্বের স্থলবেষ্টিত/সমুদ্রবন্দরহীন দেশ। বিস্তারিত ঃ ঢাবি (২০০৫-২০০৬) এর (০৪) নং দেখ।
**সঠিক উত্তর : ঘ.**

**৪০. 'সুনামি' শব্দটি যে ভাষা থেকে এসেছে-**
ক. বাহাসা ইন্দোনেশিয়া খ. সিংহলি
গ. কোরীয় ঘ. জাপানি

ব্যাখ্যাঃ প্রাকৃতিক দুর্যোগের নাম সম্পর্কে বিস্তারিত : ঢাবি (২০০৭-২০০৮) এর (০৯) নং দেখ।
**সঠিক উত্তর : ঘ.**

**৪১. জাপান সাগরের তীরে রুশ বন্দর ও নৌঘাঁটি**
ক. তাসখন্দ খ. ভ্লাডিভোস্টক
গ. ক্রেমলিন ঘ. লেনিনগ্রাড

ব্যাখ্যাঃ • ভ্লাডিভস্টক সোভিয়েত ইউনিয়নের সমুদ্র বন্দর এবং নৌ ঘাঁটি।
• এটি জাপান সাগরের নিকট অবস্থিত।
• বিশ্বের কয়েক গুরুত্বপূর্ণ সমুদ্রবন্দর সম্পর্কে বিস্তারিত : ঢাবি (২০০৫-২০০৬) এর (৪২) নং দেখ।
**সঠিক উত্তর : খ.**

**৪২. ICAO কী?**
ক. International Cultural Organization
খ. Internationl Community Advancement Organization
গ. International Civil Aviation Organization
ঘ. International Community for Advancement of the Organization

ব্যাখ্যাঃ • ICAO - International Civil Aviation Organization.
• প্রতিষ্ঠিত হয় - ১৯৪৭ সালে।
• সদর দপ্তর - মন্ট্রিল, কানাডা।
**সঠিক উত্তর : গ.**

**৪৩. ব্রডওয়ে অবস্থিত-**
ক. লন্ডনে খ. সানফ্রান্সিকোতে
গ. নিউইয়র্কে ঘ. মস্কোতে

ব্যাখ্যাঃ • ব্রডওয়ে একটি বিখ্যাত নাট্যশালার নাম।
• ব্রডওয়ে নাট্যশালাটি নিউইয়র্কে অবস্থিত।
**সঠিক উত্তর : গ.**

**৪৪. সম্প্রতি বাংলাদেশের কোন গ্যাসক্ষেত্রে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত হয়েছে?**
ক. তিতাস খ. বাখরাবাদ গ. টেংরাটিলা ঘ. মাগুরছড়া

ব্যাখ্যাঃ • বাংলাদেশে সর্বপ্রথম গ্যাসক্ষেত্রে অগ্নিকান্ড ঘটে - ১৯৫৫ সালে সিলেটের হরিপুর গ্যাসক্ষেত্রে।
• মৌলভীবাজারের মাগুরছড়া গ্যাসক্ষেত্রে অগ্নিকান্ড ঘটে - ১৪ জুন ১৯৯৭
• সুনামগঞ্জের টেংরাটিলা গ্যাসক্ষেত্রে প্রথম অগ্নিকান্ড ঘটে - ৭ জানুয়ারি ২০০৫, দ্বিতীয়বার - ২৪ জুন ২০০৫
**সঠিক উত্তর : গ.**

**৪৫. সংস্কৃতি হলো একটি-**
ক. বিনোদন মাধ্যম খ. জীবন প্রণালি গ. শিল্পকলা ঘ. নাট্যকলা

ব্যাখ্যাঃ • সংস্কৃতি হচ্ছে মানুষের সার্বিক জীবন প্রণালী - Culture is the way of life.
• সংস্কৃতির প্রধান উপাদান বা অংশগুলো হলো, নাট্যকলা, শিল্পকলা, মানুষের আচার, ব্যবহার ইত্যাদি।
**সঠিক উত্তর : খ.**

**৪৬. প্রথম বিশ্বযুদ্ধের সমাপ্তিতে কোন চুক্তি স্বাক্ষরিত হয়?**
ক. সেভার্স চুক্তি খ. লুজেন চুক্তি গ. ভার্সাই চুক্তি ঘ. প্যারিস চুক্তি

ব্যাখ্যাঃ • ভার্সাই চুক্তি স্বাক্ষরিত হয় প্রথম বিশ্বযুদ্ধের সমাপ্তিকালে - ২৮ জুন ১৯১৯
• স্বাক্ষরিত হয় - ফ্রান্সের ভার্সাই নগরীতে।
• পক্ষসমূহ ঃ মিত্রশক্তি ও জার্মানির মধ্যে।
• ফলাফল ঃ জার্মানি প্রথম বিশ্বযুদ্ধের ক্ষতিপূরণ দিতে বাধ্য হয়।
**সঠিক উত্তর : গ.**

**৪৭. বুলবুল ই-হিন্দ কাকে বলে?**
ক. তানসেনকে খ. আমীর খসরুকে
গ. আবুল ফজলকে ঘ. গালিবকে

ব্যাখ্যাঃ • সম্রাট আকবরের রাজসভার গায়ক ও নবরত্নদের একজন - তানসেনকে বুলবুল-ই-হিন্দ বলা হয়।
**সঠিক উত্তর : ক.**

**৪৮. BIMSTEC এর সদস্য নয়-**
ক. ভারত খ. পাকিস্তান গ. বাংলাদেশ ঘ. থাইল্যান্ড

ব্যাখ্যাঃ • BIMSTEC - Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Co-Operation.
• গঠিত হয় - ৬ জুন ১৯৯৭
• সদর দপ্তর ঃ- গুলশান, ঢাকা (১৩ সেপ্টেম্বর ২০১৪ স্থায়ীভাবে)
• সদস্য সংখ্যা ঃ- ৭টি দেশ (বাংলাদেশ, থাইল্যান্ড, নেপাল, ভুটান, শ্রীলঙ্কা, ভারত, মায়ানমার)
• সর্বশেষ সম্মেলন হয়েছিল - ১-৪ মার্চ, ২০১৪, নাইপিদো, মায়ানমার।
**সঠিক উত্তর : খ.**

**৪৯. কোন ঘটনাটি আগে ঘটেছিল?**
ক. রাশিয়ার বলশেভিক বিপ্লব খ. ভারতের স্বাধীনতা লাভ
গ. জাতিসংঘের জন্ম ঘ. দ্বিতীয় মহাযুদ্ধ

ব্যাখ্যাঃ প্রশ্নে উল্লেখিত ঘটনা পরম্পরা-

| ঘটনার নাম | সময়কাল |
|---|---|
| রাশিয়ার বলশেভিক বিপ্লব | ১৯১৭ |
| দ্বিতীয় বিশ্বযুদ্ধ | ১৯৩৯-১৯৪৫ |
| জাতিসংঘের জন্ম | ১৯৪৫ |
| ভারতের স্বাধীনতা লাভ | ১৫ আগস্ট, ১৯৪৭ |

**সঠিক উত্তর : ক.**

**৫০. ইন্টারপোল কী ধরনের সংস্থা?**
ক. উত্তর গোলার্ধের পরিবেশ সংরক্ষণ
খ. পুলিশ ও অপরাধ সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থা
গ. আন্তর্জাতিক প্রাণী সংরক্ষণ
ঘ. আফগানিস্তানে জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনী

ব্যাখ্যাঃ • INTERPOL - International Criminal Police Organization একটি আন্তর্জাতিক পুলিশ সংস্থা।
• প্রতিষ্ঠিত হয় - ১৯২৩ সালে
• বর্তমান সদর দপ্তর - লিওঁ, ফ্রান্স।
• বাংলাদেশ ইন্টারপোলের সদস্যপদ লাভ করে - ১৪ অক্টোবর ১৯৭৬
**সঠিক উত্তর : খ.**

## ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)
শিক্ষাবর্ষ ঃ ২০০৩-২০০৪

### বাংলা

**০১. 'জীবন-বন্দনা' কবিতায় কবি নিজেকে কী হিসেবে আখ্যায়িত করেছেন?**
ক. বিদ্রোহী কবি খ. মরু-কবি
গ. যৌবনের কবি ঘ. বেদনার কবি

ব্যাখ্যাঃ বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর : খ.**

**০২. 'চুলায় দেওয়া'র বিশিষ্টার্থ-**
ক. পরিত্যাগ করা খ. সর্বনাশ করা
গ. নিশ্চিহ্ন করা ঘ. পোড়ানো

ব্যাখ্যাঃ চুলায় দেওয়া - গোল্লায় যেতে দেওয়া বা নিশ্চিহ্ন করতে দেয়।
**সঠিক উত্তর : গ.**

**০৩. 'কর্ণকুহর' কোন সমাস?**
ক. তৎপুরুষ খ. কর্মধারয় গ. দ্বন্দ্ব ঘ. বহুব্রীহি।

ব্যাখ্যাঃ কর্ণকুহর - কর্ণের কুহর (ছিদ্র) - ষষ্ঠ তৎপুরুষ সমাস।
বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর (০১) নং দেখ।
**সঠিক উত্তর : ক.**